# হৃদয় খাঁটি রাখো

*আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*
*আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।*
*আস-সালাতু ওয়া আস-সালামু'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।*
*মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,*
*শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।*
*তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।*

আমাদের পবিত্র নাবী (সাঃ) উনার হাদীস শারীফে বলেনঃ

استفت قلبك ولو أفتاك المفتون

"ইসতাফতি কালবাক ওয়ালাও আফতাকাল মাফতুন।" নিজের হৃদয়ে তাকাও। যদিওবা তোমাকে বহু মানুষ উপদেশ দেয়, শেষ পর্যন্ত নিজের হৃদয়ে তাকাও এবং কাজটি কর যদি তোমার হৃদয় সন্তুষ্ট বোধ করে। লোকে বলে, "প্রতিটি মাথা থেকেই ভিন্ন ভিন্ন কণ্ঠস্বর বের হয়"। যখন অবস্থা এরকম হয় তখন লোকেরা বিপাকে পড়ে যায় এবং কি করতে হবে এবং কিভাবে আগাতে হবে তা ভেবে পায় না।

হৃদয় গুরুত্বপূর্ণ। যখন কোন ব্যক্তি আল্লাহ্‌র সাথে থাকে, আল্লাহ্ (জাল্লা জালালুহু) সেই ব্যক্তির ভেতরে সঠিক সিদ্ধান্ত প্রেরণ করেন কারণ তার মাধ্যমে অন্য মানুষও উপকার লাভ করতে পারে। অবশ্য শুধু সাধারণ লোকদের ক্ষেত্রে এরুপ প্রযোজ্য। কিন্তু যদি তারা তাদের শেইখকে অথবা অন্য কাউকে কোন বিষয়ে জিজ্ঞেস করে তাহলে ভিন্ন কথা। অনেক সময়েই লোকেরা উপদেশ চায়। তূমি যদি কোন বিষয়ে দশজন মানুষকে জিজ্ঞেস কর, দশজন ভিন্ন ভিন্ন কথা বলবে। এই জন্যই হৃদয় ইসলামে গুরুত্বপূর্ণ। অনুপ্রেরণা আসে হৃদয়ের ভেতর থেকে এবং আল্লাহ্ তা'আলা তার কারণে বাহ্যিক অবস্থা সহজ করে দেন। যদি সেই অনুপ্রেরণা ভালো হয়ে থাকে তাহলে মঙ্গল ঘটে। কিন্তু যদি ব্যক্তিটির হৃদয় অপরিষ্কার থাকে তাহলে ভিন্ন ব্যপার ঘটে।

হৃদয়ের বিশুদ্ধতা আসে ইবাদাত থেকে, বাধ্যতা থেকে এবং আল্লাহ্‌র ভীতি থেকে। অনেক লোক নিজেরা বলে যে তাদের হৃদয় পরিশুদ্ধ। কিন্তু তারা তা নিজে থেকে বলে। কিন্তু তুমি তাদের কাজ থেকে দেখতে পাবে যে তাদের হৃদয়কে বিশুদ্ধ বিবেচনা একেবারেই করা যাবে না। লোকেরা নিজেদের প্রশংসা করতে ভালোবাসে এবং কোন সমালোচনা সহ্য করতে পারে না। কিন্তু, চাটুকারীতার বদলে কেউ যদি তোমাকে সৎ উপদেশ দেয় তা তোমার জন্য অধিক উত্তম। সে ব্যক্তি তাদের থেকে উত্তম যারা তোমার প্রশংসা করে এবং তোমাকে ভূল পথে রেখে আসে।

# হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

আমাদের পবিত্র নাবী (সাঃ) উনার হাদীসে বলেন, "যে তোমার চাটুকারিতা করবে তার চেহারায় একমুঠো মাটি ছুড়ে মারবে।" কারণ সে তোমাকে ফুলাচ্ছে, সে তোমার ভালো করছে না, খারাপ করছে। যখন তুমি তোমার হৃদয় পরিচ্ছন্ন রাখবে তখন ভালো জিনিস প্রকাশ পাবে এবং আল্লাহ্ ভালো জিনিসের প্রেরণা দিবেন। আল্লাহ্ আমাদের সবাইকে ঈমানে পরিপূর্ণ হৃদয় দান করুন। বিশুদ্ধ হৃদয় হচ্ছে ঈমানে পরিপূর্ণ হৃদয়।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক

আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
৩ মার্চ ২০১৬/২৩ জুমাদ আল-আউয়াল ১৪৩৭
ফাজর নামায, আকবাবা দারগাহ।